গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

এবং

মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর
(জিএসবি) এর মধ্যে স্বাক্ষরিত

# বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই, ২০১৫ - ৩০ জুন, ২০১৬

# সূচিপত্র


| | | |
|---|---|---|
| অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র | | ০৩ |
| প্রস্তাবনা/উপক্রমণিকা | | ০৬ |
| সেকশন ১. | অধিদপ্তরের রূপকল্প (Vision); অভিলক্ষ্য (Mission), কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি | ০৭ |
| সেকশন ২. | দপ্তরের আউটকাম (Outcome) | ০৮ |
| সেকশন ৩. | কৌশলগত উদ্দেশ্যসূচক কর্মসম্পাদন, কার্যক্রম, অগ্রাধিকার এবং লক্ষ্যমাত্রাসমূহ | ০৯ |
| সংযোজনী ১: | আদ্যক্ষরা (Acronyms) | ১৩ |
| সংযোজনী ২: | কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপন পদ্ধতি | ১৪ |
| সংযোজনী ৩: | কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ | ১৫ |

# অধিদপ্তরের কর্মসম্পাদনের সার্বিক চিত্র

## (Overview of the Performance of the Ministry/Division/Department)

### সাম্প্রতিক অর্জন, চ্যালেঞ্জ এবং ভবিষ্যৎ পরিকল্পনা

- **সাম্প্রতিক বছরসমূহের (৩ বছর) প্রধান অর্জনসমূহ**

জিএসবি সম্প্রতি ১৫.৯৮ কোটি টাকার ১টি উন্নয়ন প্রকল্প এবং ৯.৩২৩ কোটি টাকার ২টি রাজস্ব খাতের উন্নয়ন কর্মসূচী সাফল্যের সাথে বাস্তবায়ন করেছে। বাংলাদেশের আন্তর্জাতিক বর্হিঃসমুদ্র সীমানা নির্ধারণের লক্ষ্যে বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর সমুদ্রসীমা সংক্রান্ত বাংলাদেশের দাবীর পক্ষে ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক তথ্য/ উপাত্ত ও প্রমাণাদি সরবরাহ এবং ব্যাখ্যার মাধ্যমে অবদান রেখেছে। এছাড়াও জার্মানির হামবুর্গে সমুদ্র আইন বিষয়ক আন্তর্জাতিক আদালতে ১৪ মার্চ, ২০১২ তারিখে বাংলাদেশের পক্ষে যে ঐতিহাসিক রায়ের ফলে বাংলাদেশ বঙ্গোপসাগরে ২০০ নটিক্যাল মাইল নিবিড় অর্থনৈতিক এলাকা (ইইজেড) এবং এর পরবর্তী মহীসোপান এলাকায় নিরঙ্কুশ অধিকারের আইনগত স্বীকৃতি পেয়েছে তাতে জিএসবি'র অবদান রয়েছে। ভারত এবং মায়ানমারের সাথে দ্বিপাক্ষিক সমুদ্রসীমা নির্ধারণের ফলে বাংলাদেশ ১,১৮,৮১৩ বর্গ কিলোমিটার সাগর এলাকা ব্যবহারের সুযোগ পাবে।

দিনাজপুর জেলার হাকিমপুর উপজেলার চাকুপাড়া-মসিদপুর এলাকার একটি কূপে ১১৮৮ ফুট (৩৬২ মি) থেকে ১১৯৮ ফুট (৩৬৫.৩০ মি) পর্যন্ত মোট ১০ ফুটের (৩.০৪ মি) একটি চুনাপাথরের স্তর পাওয়া গেয়েছে। তাছাড়া এ কূপের তিনটি জায়গায় (৪৭১ মি, ৪৭২.৪০ মি, ৫৭৪.৮৩ - ৫৭৫.৭৪, ৫৮৬.৪০ - ৫৮৭.০০ মি যথাক্রমে ১৫৪৫.৩৫ ফুট - ১৫৪৯.৯৭ ফুট, ১৮৮৬ ফুট - ১৮৮৯ ফুট, ১৯২৪ - ১৯২৬ ফুট) প্রায় এক মিটার পুরু ম্যাগনেটিক মিনারেল (ম্যাগনেটাইট) সমৃদ্ধ শিলা পাওয়া গেছে। সাধারণত ম্যাগনেটাইট ৪০% এর বেশী থাকলে অনেক সময় লোহার আকরিক হিসেবে বিবেচিত হয়।

- **সমস্যা এবং চ্যালেঞ্জসমূহ**

**সমস্যা ঃ**

১) জনবলের স্বল্পতা;

২) নিয়োগ প্রক্রিয়ায় দীর্ঘসূত্রিতা;

৩) কর্মকর্তা/কর্মচারীদের যাতায়াতের ক্ষেত্রে যানবাহনের অপ্রতুলতা;

৪) বহিরঙ্গন কাজের যন্ত্রপাতির স্বল্পতা;

৫) গবেষণাগারে যন্ত্রপাতি রাখার স্থানের অপ্রতুলতা;

৬) মানব সম্পদ উন্নয়নে বৈদেশিক প্রশিক্ষণের স্বল্পতা;

৭) নিরবিচ্ছিন্ন বিদ্যুৎ সরবরাহে বিঘ্নতা।

**চ্যালেঞ্জ ঃ**

ভূবৈজ্ঞানিক গবেষণা কাজের মাধ্যমে খনিজ সম্পদ অনুসন্ধান, আবিষ্কার, যথাযথ ব্যবহার এবং প্রাকৃতিক দূর্যোগ প্রশমন, আধুনিক ও টেকশই নগরায়ন, সমুদ্রিক খনিজ সম্পদ অনুসন্ধান ও অন্যান্য ভূবৈজ্ঞানিক গবেষণালব্ধ কাজের মাধ্যমে সরকারের ২১ শতকের চ্যালেঞ্জ বাস্তবায়নে ভূমিকা পালন।

* ভবিষ্যৎ পরিকল্পনা

**বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তরের ৫-বছর মেয়াদী ভবিষ্যৎ কর্মপরিকল্পনা ঃ**

**ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ঃ** ১:৫০,০০০ স্কেলে ২০,০০০ বর্গ কি.মি এলাকার মানচিত্রায়ন।

**ভূ-পদার্থিক মানচিত্রায়ন ঃ** ১:৫০,০০০ স্কেলে ২,৫০০ বর্গ কি.মি এলাকার খনিজ সম্পদের সম্ভাব্য আধার সনাক্তকরণ।

**নগর ও প্রকৌশল ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ঃ** ১:৫,০০০ স্কেলে ২,০০০ বর্গ কি.মি এলাকার মানচিত্রায়ন।

**খনন ঃ** ৫টি স্থানে খননের মাধ্যমে অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ ভূগর্ভস্থ খনিজ সম্পদ (কয়লা, চুনাপাথর, সাদামাটি, বিভিন্ন প্রকার আকরিক, কঠিন শিলা ইত্যাদি) অনুসন্ধানের পাশাপাশি ভূপৃষ্ঠস্থ খনিজ সম্পদ যথা - কাঁচবালি, সাদামাটি, পিট কয়লা, খনিজ বালি ইত্যাদি'র অনুসন্ধান কাজ অব্যাহত রাখা।

**বৈজ্ঞানিক প্রকল্প গ্রহণ ঃ**

১) বাংলাদেশের নদীবক্ষ ও অগভীর সমুদ্র এলাকায় সঞ্চিত বালিতে মূল্যবান ও কৌশলগত খনিজ ও মৌলের সনাক্তকরণ, মজুদ নির্ধারণ এবং অর্থনৈতিক গুরুত্ব নির্ধারণের কার্যাদি সম্পাদন।

২) মেঘনা নদীর মোহনা থেকে সেন্ট মার্টিন দ্বীপ পর্যন্ত অগভীর মহীসোপান এলাকার ভূতাত্ত্বিক ও ভূপদার্থিক জরিপ কার্য পরিচালনার মাধ্যমে এই এলাকার ভূতাত্ত্বিক বৈশিষ্ট্য, গঠন, ভূতাত্ত্বিক ক্রমবিকাশের ধারা উন্মোচন এবং খনিজ সম্পদ অনুসন্ধানের কাজ সম্পাদন।

**দুর্যোগপূর্ণ এলাকা চিহ্নিতকরণ ঃ**

১) ভূমিকম্প, নদী ভাঙ্গন, উপকূলীয় এলাকার ভাঙ্গন, জলাবদ্ধতা, ভূমিধ্বস ইত্যাদি দূর্যোগপূর্ণ এলাকাসমুহ সনাক্তকরণ এবং কারন অনুসন্ধানের কার্যক্রম অব্যাহত রাখা।

২) বাংলাদেশের স্তরতত্ত্ব, জীবস্তরতত্ত্ব, প্যালিনোলোজী, পলল তত্ত্ব, সমুদ্র পৃষ্ঠের উচ্চতা বৃদ্ধি ও তার প্রভাব, ভূ-পৃষ্ঠের অধোগমন, নদীর গতিপথ পরিবর্তন ইত্যাদির বিষয়ে মৌলিক গবেষণা কাজ পরিচালনা করা।

**'ISO' সনদ অর্জন ঃ** বিশ্বমানের নমুনা বিশ্লেষণের সক্ষমতা অর্জনের লক্ষ্যে ভূতাত্ত্বিক গবেষণাগারসমুহে ধারাবাহিকভাবে আধুনিক যন্ত্রপাতি স্থাপন/সংযোজনের ব্যবস্থা করা এবং 'ISO' সনদ অর্জনের জন্য প্রয়োজনীয় তৎপরতা চালানো।

**মানব সম্পদ উন্নয়ন ঃ** অধিদপ্তরে কর্মরত মানব সম্পদকে যুগোপযোগী করার লক্ষ্যে দেশে-বিদেশে প্রশিক্ষণের ব্যবস্থা।

**সেমিনার/সিম্পোজিয়াম/কর্মশালা আয়োজন ঃ** ভূতাত্ত্বিক অনুসন্ধান কর্মসূচী পরিচালনার মাধ্যমে আহরিত তথ্য-উপাত্তসমুহ দেশ তথা বিশ্বের ভূবিজ্ঞানিগণের মাঝে ছড়িয়ে দেয়ার জন্য প্রতিনিয়ত সেমিনার/সিম্পোজিয়াম/ওয়ার্কশপ এর আয়োজন করা।

**প্রাতিষ্ঠানিক অবকাঠামোগত এবং বৈজ্ঞানিক কর্মকান্ডের উন্নয়নসাধন ঃ**

১) ঢাকার মীরপুরস্থ নিজস্ব জায়গায় **'এডভান্স জিওসাইন্টিফিক রিসার্চ সেন্টার'** স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া।

২) প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে চট্টগ্রামস্থ নিজস্ব জায়গায় **'নিওটেকটোনিক্স, হ্যাজার্ড এন্ড ইঞ্জিনিয়ারিং জিওলজিক্যাল রিসার্চ সেন্টার'** স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া।

৩) প্রকল্প গ্রহণ ও বাস্তবায়নের মাধ্যমে খুলনাস্থ নিজস্ব জায়গায় **'কোস্টাল এন্ড মেরিন জিওলজিক্যাল রিসার্চ সেন্টার'** স্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা নেয়া।

**জনসাধারনের মাঝে ভূতাত্ত্বিক জ্ঞান এবং প্রাকৃতিক দূর্যোগ সংক্রান্ত সচেতনা বৃদ্ধি ঃ** জনসাধারনের মাঝে ভূতাত্ত্বিক জ্ঞান এবং প্রাকৃতিক দূর্যোগ সংক্রান্ত সচেতনা বিস্তারের লক্ষ্যে স্কুল ও কলেজ পর্যায়ে ভূতত্ত্ব বিষয়ে সচেতনতা সৃষ্টির লক্ষ্যে কাজ করা।

**প্রকাশনা ঃ** অধিদপ্তরের মানচিত্র ও ভূ-বৈজ্ঞানিক প্রতিবেদনসমুহ হালনাগাদভাবে প্রকাশ করার ব্যবস্থা গ্রহণ।

**২০১৫-২০১৬ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ**

**ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ঃ** ১:৫০,০০০ স্কেলে ৬৯৫ বর্গ কি.মি এলাকার মানচিত্রায়ন।

**ভূ-পদার্থিক জরিপ ঃ** ১:৫০,০০০ স্কেলে ৪০০ বর্গ কি.মি এলাকার খনিজ সম্পদ অনুসন্ধানের লক্ষ্যে জরিপ।

**উপকূলীয় ও সামুদ্রিক মানচিত্রায়ন ঃ** ১:৫০,০০০ স্কেলে ৯০০ বর্গ কি.মি এলাকার উপকূলীয় ভূতাত্ত্বিক মানচিত্রায়ন।

**নগর ও প্রকৌশল ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ঃ** ১:৫,০০০ স্কেলে ৪৫০ বর্গ কি.মি ড্যাপ (DAP) এলাকার মানচিত্রায়ন এবং ত্রি-মাত্রিক ভূতাত্ত্বিক মডেলিং।

**খনন ঃ** নওগাঁ ও জয়পুরহাট জেলার তিলকপুর এলাকায় ১টি কূপ খননের মাধ্যমে অর্থনৈতিকভাবে গুরুত্বপূর্ণ ভূগর্ভস্থ খনিজ সম্পদ অনুসন্ধান।

**অর্থনৈতিক ভূতাত্ত্বিক মানচিত্রায়ন ঃ** ১:৫০,০০০ স্কেলে ৯২০ বর্গ কি.মি. এলাকার খনিজ সম্পদের প্রকৃত মজুদ, ব্যাপ্তি এবং অর্থনৈতিক সম্ভাব্যতা যাচাই বিষয়ক ভূতাত্ত্বিক অনুসন্ধান।

**পরিবেশ ভূতত্ত্ব ও প্রাকৃতিক দুর্যোগ বিষয়ক মানচিত্রায়ন ঃ** ১:৫০,০০০ স্কেলে ৯০ বর্গ কি.মি. এলাকার ভূমিকম্প সংক্রান্ত তথ্য সম্বলিত ভূতাত্ত্বিক মানচিত্রায়ন।

**ভূ-রসায়ন ও পানিসম্পদ সংক্রান্ত জরিপ ঃ** ভূগর্ভস্থ পানির মান নির্ণয়ের লক্ষ্যে ৩২০ বর্গ কি.মি. এলাকার পানির সমুনা সংগ্রহ ও বিশ্লেষণের তথ্য সম্বলিত ভূতাত্ত্বিক মানচিত্রায়ন।

**দূর অনুধাবন ও জিআইএস ঃ** দূর অনুধাবন ও জিআইএস পদ্ধতি ব্যবহারের মাধ্যমে ১:৫০,০০০ স্কেলে ৪০০ বর্গ কি.মি. এলাকার ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন।

# প্রস্তাবনা/উপক্রমনিকা

মহাপরিচালক, বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি), জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ

এবং

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের মাননীয় মন্ত্রীর প্রতিনিধি হিসাবে নিয়োজিত জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব এর মধ্যে ২০১৫ সালের অক্টোবর মাসের ১১ তারিখে এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হল।

এই চুক্তিতে স্বাক্ষরকারী উভয়পক্ষ নিম্নলিখিত বিষয়সমূহে সম্মত হল ঃ

# সেকশন ১:

## অধিদপ্তরের রূপকল্প (Vision); অভিলক্ষ্য (Mission); কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

১.১ **রূপকল্প (Vision):** বাংলাদেশের খনিজ সম্পদসমূহের অনুসন্ধান ও আবিষ্কার এবং প্রাকৃতিক দুর্যোগ প্রশমন।

১.২ **অভিলক্ষ্য (Mission):** খনিজ সম্পদসমূহের অনুসন্ধান, আবিষ্কার, মজুদ নির্ণয় এবং মান নির্ধারনের জন্য ভূতাত্ত্বিক/ভূপদার্থিক/প্রকৌশল ভূতাত্ত্বিক মানচিত্রায়ন পরিচালনা এবং প্রাকৃতিক দূর্যোগ বিষয়ে সার্ভে ও প্রশমনে কাজ করা। প্রতিবেদন প্রস্তুতকরণ এবং বাংলাদেশ সরকারের কাছে পরবর্তী ব্যবস্থা গ্রহণের জন্য দাখিলকরণ।

১.৩ **কৌশলগত উদ্দেশ্যসমূহ (Strategic Objectives):**

১. তেল ও গ্যাস ব্যতীত দেশের খনিজসমূহের অনুসন্ধান;

২. প্রাকৃতিক দূর্যোগ প্রশমন;

৩. মানব সম্পদ উন্নয়ন।

১.৪ কার্যাবলি (Functions):

১. বাংলাদেশে ভূতাত্ত্বিক/ভূপদার্থিক/প্রকৌশল ভূতাত্ত্বিক মানচিত্রায়ন পরিচালনা এবং প্রতিবেদন প্রস্তুতকরণ;

২. স্তরায়ন এবং স্তরবিন্যাস অনুসন্ধান পরিচালনার মাধ্যমে শিলারসমূহের আনুক্রম চিহ্নিতকরণ, পারস্পারিক সম্পর্ক এবং বয়স নির্ধারণ;

৩. ভূতাত্ত্বিক, ভূপদার্থিক অনুসন্ধান, ভূরাসায়নিক গবেষণা এবং পরীক্ষামূলক খনন পরিচালনার মাধ্যমে সম্ভাব্য জ্বালানি খনিজ, বানিজ্যিক শিলা এবং ভূগর্ভস্থ সুপেয় পানির আধারের এলাকা এবং মজুদ নির্ণয়;

৪. আবিষ্কৃত প্রাকৃতিক খনিজ সম্পদের মান নির্ণয়, মজুদ নির্ধারণ, অর্থনৈতিক এবং কারিগরী সম্ভাব্যতা যাচাই;

৫. সরকারকে পরিকল্পনা এবং নীতি নির্ধারণের ক্ষেত্রে প্রাকৃতিক সম্পদ, পানি সম্পদ এবং পরিবেশ সম্পর্কিত পরামর্শ প্রদান। অবকাঠামো উন্নয়নে সংশ্লিষ্ট সরকারী প্রতিষ্ঠান, বেসরকারী সংস্থা, নীতিনির্ধারক এবং পরিকল্পনাবিদগণকে পরামর্শ ও সহযোগীতা প্রদান। এছাড়াও এ সংক্রান্ত প্রয়োজনীয় সেমিনার/সিম্পোজিয়াম/কনফারেন্স আয়োজন;

৬. নদী অববাহিকা, ব-দ্বীপ এলাকা এবং সমুদ্রে ভূতাত্ত্বিক এবং ভূপদার্থিক গবেষণা পরিচালনা;

৭. টেকশই উন্নয়নের লক্ষ্যে বিভিন্ন ভূ-বৈজ্ঞানিক গবেষণা কার্যক্রম এবং প্রশিক্ষণ পরিচালনা;

৮. বিভিন্ন আন্তর্জাতিক ভূ-বৈজ্ঞানিক সংস্থার সাথে যোগাযোগ রাখা; ভূ-বৈজ্ঞানিক জার্নাল এবং প্রবন্ধ/প্রতিবেদনসমূহ আদান-প্রদান এবং বিভিন্ন প্রতিষ্ঠানকে ভূ-বৈজ্ঞানিক পরীক্ষা এবং গবেষণায় সাহায্য ও সহযোগিতা প্রদান;

৯. দেশের যে কোন এলাকায় বড় আকারের ভূমিধ্বস অথবা চ্যুতির কারণে জান-মালের ক্ষয়ক্ষতি নির্ধারণের লক্ষ্যে প্রাথমিক জরিপ পরিচালনা এবং প্রতিবেদন প্রস্তুতকরণ;

১০. পূর্ববর্তী ভূমিকম্পসমূহের ডাটাবেজ প্রস্তুতকরণ ও রক্ষণাবেক্ষণ এবং বর্তমানে সংগঠিত ভূমিকম্পসমূহের ক্রমানুসারিক সার্ভে/অনুসন্ধান এবং গবেষণা পরিচালনা করা। এই সকল গবেষণালব্ধ ফলাফল বিভিন্ন সরকারী সংস্থা, প্রিন্ট এবং ইলেট্রনিক মিডিয়াতে প্রচারের মাধ্যমে জনসাধারনের মধ্যে সচেতনতা সৃষ্টি।

## সেকশন ২:

### দপ্তরের আউটকাম (Outcome)

| আউটকাম (Outcome) | কর্মসম্পাদন সূচকসমূহ (Performance Indicator) | একক (Unit) | ভিত্তি বছর ২০১৩-১৪ | প্রকৃত ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রা ২০১৫-১৬ | প্রক্ষেপন | | দপ্তরের নির্ধারিত প্রভাব অর্জনের ক্ষেত্রে যৌথভাবে দায়ী মন্ত্রণালয়/ বিভাগ/ সংস্থাসমূহের নাম | উপাত্তসমূহ (Source of Data) |
|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | ২০১৬-১৭ | ২০১৭-১৮ | | |
| ভূতাত্ত্বিক মানচিত্র এবং প্রতিবেদন | নির্ধারিত এলাকা সম্পাদন | বর্গ কি.মি. | ২,১৮৬ | ২,৯২৫ | ৩,৭৫০ | ৩,৮০০ | ৩,৮০০ | জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | জিএসবি |
| ভূপদার্থিক অনুসন্ধান প্রতিবেদন | নির্ধারিত এলাকা সম্পাদন | কি.মি. | ৯০০ | ১,৩৫০ | ৪০০ | ৫০০ | ৫০০ | | জিএসবি |
| সম্ভাব্য খনিজ সম্পদ আবিষ্কার | সম্ভাব্য খনিজ সম্পদ আবিষ্কার | নং | ০২ | ০১ | ০১ | ০১ | ০১ | | জিএসবি |
| ঝুঁকি হ্রাস এবং ভূ-দূর্যোগ পর্যবেক্ষণে আগাম সতর্কতা সংকেত পদ্ধতির উন্নয়ন | পদ্ধতির উন্নয়ন সাধন | নং | ০৪ | ০২ | ০৩ | - | - | | জিএসবি |
| জিএসবি'র কর্মকান্ড জনসাধারনের মাঝে প্রচার | প্রচার সম্পন্ন | নং | ০৩ | ০২ | ০২ | ০২ | ০২ | | জিএসবি |
| মানব সম্পদ উন্নয়ন | প্রশিক্ষণ সম্পন্ন | নং | ৪৩ | ২৮ | ২৫ | ২০ | ২০ | | জিএসবি |

## সেকশন ৩:

## কৌশলগত উদ্দেশ্যসূচক কর্মসম্পাদন, কার্যক্রম, অগ্রাধিকার এবং লক্ষ্যমাত্রাসমূহ

| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of Performance Indicator) | ভিত্তি বছর (Base Year) ২০১৩-১৪ | প্রকৃত অর্জন ২০১৪-১৫ | লক্ষ্যমাত্রার ক্রাইটেরিয়া/২০১৫-১৬ (Target/Criteria Value for FY 2015-16) | | | | | প্রক্ষেপন ২০১৬-১৭ | প্রক্ষেপন ২০১৭-১৮ |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| | | | | | | | | অসাধারন (১০০%) | অতি উত্তম (৯০%) | উত্তম (৮০%) | চলতি মান (৭০%) | চলতি মানের নিম্নে (৬০%) | | |
| **জিএসবি'র কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | | | | | |
| [১] তেল ও গ্যাস ব্যতীত দেশের খনিজসমূহের আবিষ্কার | ৬০.০০ | [১.১] ভূতাত্ত্বিক এবং ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন | [১.১] প্রস্তাবিত এলাকার কাজ সমাপ্ত | বর্গ কি.মি. | ৪০ | ২,১৮৬ | ২,৯২৫ | ৩,৭৫০ | ৩,৩৭৫ | ৩,০০০ | ২,৬২৫ | ২,২৫০ | ৩,৮০০ | ৩,৮০০ |
| | | [১.২] ভূপদার্থিক অনুসন্ধান | [১.২] প্রস্তাবিত এলাকার কাজ সমাপ্ত | বর্গ কি.মি. | ১০ | ৯০০ | ১,৩৫০ | ৪০০* | ৩৬০ | ৩২০ | ২৮০ | ২৪০ | ৫০০ | ৫০০ |
| | | [১.৩] কূপ খনন | [১.৩] কূপ খনন সমাপ্ত | নং | ১০ | ০২ | ০ | ০১ | - | - | - | - | ০১ | ০১ |
| [২] প্রাকৃতিক দূর্যোগ প্রশমন | ১৫.০০ | [২.১] যন্ত্রপাতি স্থাপন | [২.১] স্থাপন সম্পন্ন | নং | ৫.০০ | ০৪ | ০২ | ০৩ | ০২ | ০১ | - | - | - | - |
| | | [২.২] ভূ-দূর্যোগ কমানোর ক্ষেত্রে নেটওয়ার্কিং এর মাধ্যমে তথ্য-উপাত্ত আহরণ | [২.২] উপাত্ত সংগৃহীত | নং | ৫.০০ | ০৪ | ০৪ | ০৩ | ০২ | ০১ | - | - | - | - |
| | | [২.৩] বিভিন্ন স্তরে জনসচেতনতা কার্যক্রম আয়োজন | [২.৩] কার্যক্রম আয়োজিত | নং | ৫.০০ | ০৩ | ০২ | ০২ | ০১ | - | - | - | ০২ | ০২ |
| [৩] মানব সম্পদ উন্নয়ন | ১০.০০ | [৩.১] স্থানীয় প্রশিক্ষণ | [৩.১] স্থানীয় প্রশিক্ষণ সম্পন্ন | নং | ৫.০০ | ১১ | ২০ | ২০ | ১৮ | ১৬ | ১৪ | ১২ | ২০ | ২০ |
| | | [৩.২] বৈদেশিক প্রশিক্ষণ | [৩.২] বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন | নং | ২.০০ | ৩২ | ০৮ | ০৫ | ০৪ | ০৩ | ০২ | ০১ | - | - |
| | | [৩.৩] স্থানীয় / আন্তর্জাতিক সেমিনার, সিম্পোজিয়াম, কনফারেন্স আয়োজন/ অংশগ্রহণ | [৩.৩] সেমিনার, সিম্পোজিয়াম, কনফারেন্স আয়োজন/অংশগ্রহণ সম্পন্ন | নং | ৩.০০ | ১২ | ০৭ | ১২ | ১০ | ০৯ | ০৮ | ০৭ | ১০ | ১০ |

* বিগত বছরে সম্ভাবনাময় ১৩৫০ ব.কি.মি. এলাকায় ভূপদার্থিক অনুসন্ধান সম্পন্ন হয়েছে। বর্তমান বছরে অন্য এলাকায় ৪০০ ব.কি.মি. এলাকার নিবিড়ভাবে ভূপদার্থিক অনুসন্ধান কার্যক্রম পরিচালনা করা হবে।

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার ক্রাইটেরিয়া /২০১৫-১৬ (Target/Criteria Value for FY 2015-16) | | | | |
| | | | | | | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| **দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | |
| দক্ষতার সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন | ৩ | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর | নির্ধারিত সময়সীমার মধ্যে চুক্তি স্বাক্ষরিত | তারিখ | ১ | ১৫ অক্টোবর | ১৯ অক্টোবর | ২২ অক্টোবর | ২৬ অক্টোবর | ২৯ অক্টোবর |
| | | বার্ষিক কর্মসম্পাদন চুক্তি বাস্তবায়ন পরিবীক্ষণ | দাখিলকৃত অর্ধবার্ষিক ও ত্রৈমাসিক প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | - | - |
| | | মাঠ পর্যায়ের কার্যালয়সমূহের সঙ্গে বার্ষিক কর্মসম্পাদন সংক্রান্ত সমঝোতা স্মারক স্বাক্ষর | সমঝোতা স্মারক স্বাক্ষর সংক্রান্ত পরিপত্র জারীকৃত | তারিখ | ১ | ২৮ এপ্রিল, ২০১৬ | ০৫ মে, ২০১৬ | ১২ মে, ২০১৬ | ১৯ মে, ২০১৬ | ২৬ মে, ২০১৬ |
| দক্ষতা ও নৈতিকতার উন্নয়ন | ৩ | কর্মকর্তা/কর্মচারীদের প্রশিক্ষণ আয়োজন | প্রশিক্ষণের সময় | জনঘন্টা | ১ | ৬০ | ৫৫ | ৫০ | ৪৫ | ৪০ |
| | | জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন | দপ্তর/সংস্থায় নৈতিকতা কমিটি গঠিত | তারিখ | ১ | ২৯ অক্টোবর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | দপ্তর/সংস্থায় শুদ্ধাচার কর্মপরিকল্পনা প্রণীত | তারিখ | ১ | ০১ ডিসেম্বর | ০৭ ডিসেম্বর | ১৪ ডিসেম্বর | ২১ ডিসেম্বর | ২৮ ডিসেম্বর |
| তথ্য অধিকার ও স্বপ্রণোদিত তথ্য প্রকাশ বাস্তবায়ন | ২ | তথ্য প্রকাশ নির্দেশিকা বাস্তবায়ন | মন্ত্রণালয়ের তথ্য প্রকাশ নির্দেশিকা অনুসারে তথ্য প্রকাশিত | % | ১ | ১০০ | ৯৫ | ৯০ | ৮৫ | ৮০ |
| | | আওতাধীন দপ্তর/সংস্থায় দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা নিয়োগ | দপ্তর/সংস্থার দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তার নাম ও যোগাযোগের ঠিকানার সংকলন ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ১৫ অক্টোবর | ২৯ অক্টোবর | ১৫ নভেম্বর | ৩০ নভেম্বর | ১৫ ডিসেম্বর |
| | | দপ্তর/সংস্থার বার্ষিক প্রতিবেদন প্রণয়ন | দপ্তর/সংস্থায় বার্ষিক প্রতিবেদন ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ০.৫ | ০১ নভেম্বর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |

| কলাম-১ | কলাম-২ | কলাম-৩ | কলাম-৪ | | কলাম-৫ | কলাম-৬ | | | | |
|---|---|---|---|---|---|---|---|---|---|---|
| কৌশলগত উদ্দেশ্য (Strategic Objectives) | কৌশলগত উদ্দেশ্যের মান (Weight of Strategic Objectives) | কার্যক্রম (Activities) | কর্মসম্পাদন সূচক (Performance Indicator) | একক (Unit) | কর্মসম্পাদন সূচকের মান (Weight of PI) | লক্ষ্যমাত্রার ক্রাইটেরিয়া /২০১৫-১৬ (Target/Criteria Value for FY 2015-16) | | | | |
| | | | | | | অসাধারন (Excellent) | অতি উত্তম (Very Good) | উত্তম (Good) | চলতি মান (Fair) | চলতি মানের নিম্নে (Poor) |
| | | | | | | ১০০% | ৯০% | ৮০% | ৭০% | ৬০% |
| **দপ্তর/সংস্থার আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যসমূহ** | | | | | | | | | | |
| উদ্ভাবন ও অভিযোগ প্রতিকারের মাধ্যমে সেবার মানোন্নয়ন | ৫ | পরিবর্তীত ফরম্যাটে মন্ত্রণালয়/বিভাগ এবং মাঠ পর্যায়ের দপ্তরসমূহে সিটিজেন্‌স চার্টার প্রণয়ন | পরিবর্তীত ফরম্যাটে দপ্তর/ সংস্থার সিটিজেন্‌স চার্টার ওয়েব সাইটে প্রকাশিত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | অভিযোগ প্রতিকার ব্যবস্থা বাস্তবায়ন | দপ্তর/ সংস্থার অভিযোগ প্রতিকার ফোকাল পয়েন্ট নিয়োগকৃত | তারিখ | ১ | ০১ নভেম্বর | ০৮ নভেম্বর | ১৫ নভেম্বর | ২২ নভেম্বর | ২৯ নভেম্বর |
| | | | নাগরিকের নিকট হতে প্রাপ্ত অভিযোগ নিষ্পত্তিকৃত | % | ১ | ৯০ | ৮০ | ৭০ | ৬০ | ৫০ |
| | | সেবা প্রক্রিয়ায় উদ্ভাবন কার্যক্রম বাস্তবায়ন | দপ্তর/ সংস্থার কমপক্ষে একটি করে অনলাইন সেবা চালুকৃত | তারিখ | ১ | ০১ জুন, ২০১৬ | ০৮ জুন, ২০১৬ | ১৫ জুন, ২০১৬ | ২২ জুন, ২০১৬ | ২৯ জুন, ২০১৬ |
| | | | দপ্তর/ সংস্থার কমপক্ষে একটি করে সেবাপ্রক্রিয়া সহজীকৃত | তারিখ | ১ | ০১ জুন, ২০১৬ | ০৮ জুন, ২০১৬ | ১৫ জুন, ২০১৬ | ২২ জুন, ২০১৬ | ২৯ জুন, ২০১৬ |
| আর্থিক ব্যবস্থাপনার উন্নয়ন | ২ | বাজেট বাস্তবায়ন কমিটির কর্মপরিধি যথাযথভাবে অনুসরণ | বাজেট বাস্তবায়ন পরিকল্পনা (Budget Implementation Plan) প্রণীত ও দাখিলকৃত ত্রৈমাসিক বাজেট বাস্তবায়ন প্রতিবেদন | সংখ্যা | ১ | ৫ | ৪ | ৩ | ২ | ১ |
| | | অডিট আপত্তি নিষ্পত্তি কার্যক্রমের উন্নয়ন | বছরে অডিট আপত্তি নিষ্পত্তিকৃত | % | ১ | ৫০ | ৪৫ | ৪০ | ৩৫ | ৩০ |

আমি জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের অধীনস্ত বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অদিপ্তরের মহাপরিচালকের দায়িত্বে নিয়োজিত হিসাবে সচিব, জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগ, বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়ের অধীন জ্বালানি ও খনিজ সম্পদ বিভাগের সচিব অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সংশ্লিষ্ট অধিদপ্তরকে সর্বাত্মক সহযোগিতা প্রদান করব।

স্বাক্ষরিত:

| | |
|---|---|
| মহাপরিচালক<br>বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর (জিএসবি) | ১১-১০-২০১৫<br>তারিখ |
| ১১.১০.২০১৫<br>সচিব<br>জ্বালানী ও খনিজ সম্পদ বিভাগ | ১১.১০.২০১৫<br>তারিখ |

সংযোজনী-১

## আদ্যক্ষরা
## (Acronyms)

| | | |
|---|---|---|
| এইচআর | হিউম্যান রিসোর্স | (মানব সম্পদ) |
| এপিএ | এনুয়াল পারফরমেন্স এগ্রিমেন্ট | (বার্ষিক কর্মসম্পাদন চুক্তি) |
| বিআইপি | বাজেট ইমপ্লিমেন্টশন প্ল্যান | (বাজেট প্রয়োগ পরিকল্পনা) |
| বিএমসি | বাজেট ম্যানেজমেন্ট কমিটি | (বাজেট ব্যবস্থাপনা কমিটি) |
| সিসি | সিটিজেন চার্টার | (নাগরিক সেবা) |
| এফডি | ফাইন্যান্স ডিভিশন | (অর্থ বিভাগ) |
| এফওয়াই | ফিন্যান্সিয়াল ইয়ার | (অর্থবছর) |
| জিআরএস | গ্রিভেন্স রিড্রেস সিস্টেম | |
| জিএসবি | জিওলজিক্যাল সার্ভে অব বাংলাদেশ | (বাংলাদেশ ভূতাত্ত্বিক জরিপ অধিদপ্তর) |
| আইএসও | ইন্টারন্যাশনাল অরগানাইজেশন ফর স্ট্যান্ডারাইজেশন | (আন্তর্জাতিক মানদন্ড নির্ধারণকারী সংস্থা) |
| এনআইএস | ন্যাশনাল ইন্টিগ্রিটি স্ট্র্যাটেজি | (জাতীয় শুদ্ধাচার কৌশল) |
| পিআই | পারফরমেন্স ইন্ডিকেটর | (কর্মসম্পাদন সূচক) |
| আরটিআই | রাইট টু ইনফরমেশন | (তথ্য অধিকার) |
| স্পারসো | বাংলাদেশ স্পেস রিসার্চ এন্ড রিমোট সেন্সিং অরগানাইজেশন | (বাংলাদেশ মহাকাশ গবেষণা ও দূর অনুধাবন কেন্দ্র) |
| বিআইডব্লিউটিএ | বাংলাদেশ ইনল্যান্ড ওয়াটার ট্রান্সপোর্ট অথরিটি | (বাংলাদেশ অভ্যন্তরীণ নৌ-পরিবহন কর্তৃপক্ষ) |

# সংযোজনী-২: কর্মসম্পাদন সূচকসমূহ, বাস্তবায়নকারী দপ্তর/সংস্থাসমূহ এবং পরিমাপন পদ্ধতি

| ক্রমিক নম্বর | কর্মসম্পাদন সূচকসমূহ | বিবরণ | বাস্তবায়নকারী দপ্তর/সংস্থা | পরিমাপ পদ্ধতি এবং উপাত্তসূত্র | সাধারন মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | প্রস্তাবিত এলাকার কাজ সমাপ্ত | ভূ-অভ্যন্তরের ভূতাত্ত্বিক ধারণা লাভের জন্য ভূতাত্ত্বিক ও ভূপ্রাকৃতিক মানচিত্রায়ন | জিএসবি | প্রতিবেদন | |
| | প্রস্তাবিত এলাকার কাজ সমাপ্ত | খনিজ সম্পদের সম্ভাব্যতা যাচাইয়ের লক্ষ্যে ভূপদার্থিক জরিপ | জিএসবি | প্রতিবেদন | |
| | কূপ খনন সমাপ্ত | খনিজ সম্পদ অনুসন্ধানের লক্ষ্যে কূপ খনন | জিএসবি | প্রতিবেদন | |
| | প্রস্তাবিত এলাকার কাজ সমাপ্ত | টেকশই অবকাঠামো উন্নয়নের লক্ষ্যে প্রকৌশল ভূতাত্ত্বিক মানচিত্রায়ন | জিএসবি | প্রতিবেদন | |
| | স্থাপন সম্পন্ন | ভূ-প্রাকৃতিক দূর্যোগ অবলোকনের জন্য যন্ত্রপাতি স্থাপন | জিএসবি | প্রতিবেদন | |
| | উপাত্ত সংগৃহীত | ভূ-প্রাকৃতিক দূর্যোগ প্রশমনের লক্ষ্যে নেটওয়ার্কিং এর মাধ্যমে উপাত্ত সংগ্রহ | জিএসবি | প্রতিবেদন | |
| | কার্যক্রম আয়োজিত | ভূমিকম্প, ভূমিধ্বস, জলাবদ্ধতা ইত্যাদি দূর্যোগের বিষয়ে সচেতনতা বৃদ্ধির লক্ষ্যে বিভিন্ন পর্যায়ে কার্যক্রম আয়োজন | জিএসবি | প্রতিবেদন | |
| | স্থানীয় প্রশিক্ষণ সম্পন্ন | মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে স্থানীয় প্রশিক্ষণ | জিএসবি | প্রতিবেদন | |
| | বৈদেশিক প্রশিক্ষণ সম্পন্ন | গবেষণা কাজের স্বার্থে এবং মানব সম্পদ উন্নয়নের লক্ষ্যে তথ্য-উপাত্ত বিনিময়ের মাধ্যমে বৈদেশিক প্রশিক্ষণ | জিএসবি | প্রতিবেদন | |
| | সেমিনার, সিম্পোজিয়াম, কনফারেন্স আয়োজন/অংশগ্রহণ সম্পন্ন | জাতীয়/আন্তর্জাতিক সেমিনার, সিম্পোজিয়াম, কনফারেন্স আয়োজন/অংশগ্রহণ | জিএসবি | প্রতিবেদন | |

## সংযোজনী-৩: কর্মসম্পাদনের লক্ষ্যে অন্য মন্ত্রণালয়/বিভাগ/অধিদপ্তরের নিকট সুনির্দিষ্ট কর্মসম্পাদন চাহিদাসমূহ

| সংস্থার ধরণ | সংস্থার নাম | সংশ্লিষ্ট কর্মসম্পাদন সূচক | উক্ত সংস্থার নিকট সংশ্লিষ্ট অধিদপ্তরের চাহিদা | চাহিদা/ প্রত্যাশার যৌক্তিকতা | উক্ত সংস্থার নিকট চাহিদার মাত্রা | প্রত্যাশা পূরণ না হলে সম্ভাব্য প্রভাব |
|---|---|---|---|---|---|---|
| মন্ত্রণালয়সমূহ | বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় | প্রয়োজণীয় সহযোগিতা প্রাপ্তি | প্রশাসনিক সহযোগিতা | ভূবৈজ্ঞানিক কার্যক্রম যথাযথভাবে সম্পাদন | যথাযথভাবে কার্য সম্পাদনের অনুমতি | প্রত্যাশিত কার্য সম্পাদনে ধীরগতি |
| | পরিকল্পনা মন্ত্রণালয় | | প্রকল্প সম্পর্কিত সহযোগিতা | | যথাসময়ে প্রকল্প অনুমোদন | |
| | অর্থ মন্ত্রণালয় | | বাজেট | | প্রয়োজনীয় বাজেট ছাড় | |
| | জনপ্রশাসন মন্ত্রণালয় | | প্রশাসনিক সহযোগিতা | | সরকারী বিধি মোতাবেক প্রয়োজনীয় প্রশাসনিক সহযোগিতা | |
| | বৈদেশিক মন্ত্রণালয় | | প্রশিক্ষণ সহযোগিতা | | বৈদেশিক প্রশিক্ষণের ছাড়পত্র | |
| | স্বরাষ্ট্র মন্ত্রণালয় | | নিরাপত্তা | | নিরাপত্তা বিষয়ক | |
| | প্রতিরক্ষা মন্ত্রণালয় | | নিরাপত্তা/ উপাত্ত বিনিময় | | উপাত্ত বিনিময় এবং নিরাপত্তা | |
| | পরিবেশ মন্ত্রণালয় | | উপাত্ত বিনিময়/ গবেষণা সহযোগিতা | | গবেষণা / উপাত্ত বিনিময় | |
| | বিজ্ঞান ও প্রযুক্তি মন্ত্রণালয় | | প্রকল্প সম্পর্কিত সহযোগিতা | | যথাসময়ে প্রকল্প অনুমোদন | |
| | ভূমি মন্ত্রণালয় | | ভূমি অধিগ্রহণ ও রেজিস্ট্রেশন | | ভূমির মৌজা ম্যাপ, পর্চা, দাগ নম্বর ইত্যাদি | |
| | পানি সম্পদ মন্ত্রণালয় | | উপাত্ত বিনিময়/ গবেষণা সহযোগিতা | | গবেষণা / উপাত্ত বিনিময় | |
| | আইন মন্ত্রণালয় | | আইনী সহযোগিতা | | আইনী সহযোগিতা | |
| সংস্থাসমূহ | সরকারী কর্ম কমিশন | | নিয়োগ | | যথাসময়ে ১ম ও ২য় শ্রেণির নিয়োগ | |
| | আণবিক শক্তি কমিশন | | গবেষণা | | যৌথ কার্যক্রমের আওতায় গবেষণা ও উপাত্ত বিনিময় | |
| | পেট্রোবাংলা | | প্রকল্প সম্পর্কিত/ভূবৈজ্ঞানিক সহযোগিতা | | যৌথ কার্যক্রমের আওতায় গবেষণা ও উপাত্ত বিনিময় | |
| | বিস্ফোরক পরিদপ্তর | | বিস্ফোরক লাইনেন্স | | ভূপদার্থিক জরিপ কাজে বিস্ফোরক ব্যবহারের অনুমোদন | |
| | বাংলাদেশ জরিপ অদিপ্তর | | উপাত্ত বিনিময় ও জরিপ | | ভূতাত্ত্বিক মানচিত্রায়নের লক্ষ্যে টপোম্যাপ এবং আকাশ আলোক চিত্র সরবরাহ | |
| | স্পারসো | | গবেষণা সম্পর্কিত | | মানচিত্রায়নের জন্য স্যাটেলাইট ইমেজ সরবরাহ | |
| | বিআইডব্লিউটিএ | | উপাত্ত বিনিময় | | গবেষণা / উপাত্ত বিনিময় | |
| | বাংলাদেশ আবহাওয়া অধিদপ্তর | | উপাত্ত বিনিময় | | আবহাওয়া সংক্রান্ত তথ্য সরবরাহ | |